

কানাডায় অবতরণকালে উড়োজাহাজে আগুন

- A Monitor Desk Report

Date: 01 January, 2025



অটোয়া : কানাডার নোভা স্কোশিয়ার হ্যালিফ্যাক্স স্ট্যানফিল্ড আন্তর্জাতিক বিমানবন্দরে একটি উড়োজাহাজ অবতরণের সময় আগুন লাগার ঘটনা ঘটেছে।

এয়ার কানাডা এক্সপ্রেসের রাতের ফ্লাইটটি 'সন্দেহজনক ল্যান্ডিং গিয়ার সমস্যা' সম্মুখীন হয় বলে মনে করা হচ্ছে।

উড়োজাহাজটি ৭৩ জন যাত্রী নিয়ে নিউফাউন্ডল্যান্ড থেকে এসেছিল। এই ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ওই ফ্লাইটে থাকা যাত্রীদের একজন, নিকি ভ্যালেন্টাইন; জানিয়েছেন, উড়োজাহাজটি অবতরণের সময় দু'লতে থাকে এবং উড়োজাহাজটির বাম পাশে আগুন দেখতে পান। এর ফলে ধোঁয়া কেবিনে প্রবেশ করতে শুরু করে।

ঘটনার পর বিমানবন্দরটি প্রায় ৯০ মিনিটের জন্য বন্ধ ছিল এবং চারটি ফ্লাইটকে অন্যত্র সরিয়ে নেওয়া হয়।

কানাডার পরিবহন নিরাপত্তা বোর্ড এই ঘটনার তদন্ত শুরু করেছে এবং তাদের তদন্তকারীরা ঘটনাস্থলে পৌঁছানোর অপেক্ষায় রয়েছে। এয়ার কানাডা জানিয়েছে যে তারা তদন্ত প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধাশীল এবং ল্যান্ডিং গিয়ার সমস্যা'র কারণ সম্পর্কে এখনই কোনো অনুমান করতে পারছে না।

হ্যালিফ্যাক্সের এই ঘটনা এমন সময় ঘটলো যখন একদিন আগেই দক্ষিণ কোরিয়ার জেজু এয়ারের একটি ফ্লাইট দুর্ঘটনার শিকার হয়ে ১৭৯ জন নিহত হয়েছে।

-B

